

## REGIONAL NEWS

### UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:14-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

**Mayer Gomon :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনে মায়ের গমন ২০২৪ অনুষ্ঠানের উদ্বোধন করবেন। বিকেল পাঁচটায় এই অনুষ্ঠান শুরু হবে বলে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে জানানো হয়েছে। অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা সহ মন্ত্রিসভার আরও কয়েকজন সদস্যের উপস্থিতি থাকার কথা রয়েছে। এদিকে, মায়ের গমন উপলক্ষে পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ডাঃ বিশাল কুমার আগরতলা শহরে যানবাহন ও জনসাধারণের চলাচল স্বাভাবিক রাখতে কিছু নির্দেশিকা জারি করেছেন। নির্দেশিকা অনুযায়ী আজ দুপুর ২টা থেকে উজ্জয়ন্ত প্যালেস সংলগ্ন লায়ন্স গেট থেকে দশমীঘাট ভায়া জ্যাকসন গেইট, কামান চৌমুহনী, সূর্য চৌমুহনী, পোস্ট অফিস চৌমুহনী, প্যারাডাইস চৌমুহনী এবং বটতলা পর্যন্ত এলাকাকে দুর্গা প্রতিমা বিসর্জনের জন্য ব্যবহার করা হবে যতক্ষণ পর্যন্ত না পুরো প্রক্রিয়া সম্পূর্ণ হয়। তাই নাগেরজলা, বটতলা, দশমীঘাট, জয়পুর, আগন্তুক ক্লাব, জয়নগর অফিস লেন, ফায়ার সার্ভিস চৌমুহনী, আইজিএম চৌমুহনী, বীরেন্দ্র ক্লাব জংশন, গান্ধীঘাট, আইজিএম হাসপাতালের পিছন দিক, আর এম এস চৌমুহনী, মধ্যপাড়া রোড, ওরিয়েন্ট চৌমুহনী, জ্যাকশন গেইট, গোলবাজার, লালমাইট্যা ক্রসিং, নেতাজী চৌমুহনী, পুরনো মোটর স্ট্যান্ড, গণরাজ চৌমুহনী, মহিলা

কলেজ, টাউন হল, রবীন্দ্র ভবন ক্রসিং, বি কে চৌমুহনী ইত্যাদি স্থানে 'নো-এন্ট্রি' থাকবে।

\*\*\*\*\*

**Emersion :**

গতকাল রাত পর্যন্ত রাজ্যের সব মহকুমায় প্রতিমা বিসর্জন হয়েছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, গতকাল রাত পর্যন্ত ৩০০-র বেশি প্রতিমা বিসর্জন হয়েছে। প্রতিমা বিসর্জনের জন্য আগরতলায় দশমীঘাটকে নতুনভাবে সাজিয়ে তোলা হয়েছে। গতকাল দশমীঘাটে বিসর্জনে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। তিনি জানান, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণভাবে নিরঞ্জন পর্ব চলছে। আজ মায়ের গমন অনুষ্ঠান। এদিনই রাজ্যের প্রায় সব জায়গায় প্রতিমা বিসর্জন শেষ হওয়ার কথা রয়েছে।

\*\*\*\*\*

**SDPO Jirania Appeal :**

জিরানিয়া মহকুমায় পূজার দিনগুলি শান্তিপূর্ণভাবে কেটেছে বলে জানিয়েছেন মহকুমা পুলিশ আধিকারিক কমল কৃষ্ণ কলই। গতকাল জিরানিয়ায় এসডিপিও অফিসে সাংবাদিকদের তিনি জানান, এই বছর জিরানিয়া মহকুমায় দেড়শোর ওপর পূজা মন্ডপ তৈরি করা হয়েছে। গতকাল থেকে প্রতিমা নিরঞ্জন শুরু হয়েছে। রানীরবাজার নগর পঞ্চায়েত এবং দশরামবাড়িতে বেশিরভাগ প্রতিমা নিরঞ্জন হবে। শ্রী কলই জানান, প্রতিমা নিরঞ্জনের স্থানে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

\*\*\*\*\*

**Dasara Observed :**

গতকাল সন্ধ্যায় দক্ষিণ জেলার বিলোনিয়া, শান্তিরবাজার ও বাইখোড়ায় দশেরা উদযাপন করা হয়। শান্তিরবাজার ও বাইখোড়ার

দশেরা উৎসবে উপস্থিত ছিলেন শান্তিকালী আশ্রমের সভাপতি চিত্তরঞ্জন দেববর্মা, বাইখোড়া ইসকনের প্রধান পরিচালক করুনেশ্বর মাধব দাস, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ। বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে দশেরা উৎসবে আয়োজন করে স্থানীয় ওরিয়েন্টাল ক্লাব।

\*\*\*\*\*

**Suklacharan Noatia :**

গৃহমন্ত্রী অমিত সাহর সঙ্গে গতকাল দিল্লিতে তার বাড়ি গিয়ে দেখা করলেন রাজ্যের সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। মন্ত্রী নোয়াতিয়া জানান, ত্রিপুরার বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়ে তাদের মধ্যে আলোচনা হয়েছে। মন্ত্রীকে তিনি দশমীর শুভেচ্ছাও জানিয়েছেন।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তার সপ্তাহব্যাপী আলজেরিয়া, মৌরিতানিয়া এবং মালাউইতে সফরের অংশ হিসেবে গতকাল আলজিয়ার্সে পৌঁছেছেন। আলজিয়ার্স ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট হাউয়ারি বোমেডিয়ানে রাষ্ট্রপতিকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হয়। আফ্রিকার তিনটি দেশে ভারতের রাষ্ট্রপতির এটাই প্রথম সফর। সফরের দ্বিতীয় ধাপে, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ১৬ই অক্টোবর মৌরিতানিয়া সফর করবেন। শেষ পর্যায়ে, রাষ্ট্রপতি ১৭ থেকে ১৯শে অক্টোবর পর্যন্ত মালাউই সফর করবেন। সফরে এই দেশগুলিতে নেতৃবৃন্দের সাথে রাষ্ট্রপতির দ্বিপাক্ষিক বৈঠক করার কথা রয়েছে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিভিন্ন সেক্টর জুড়ে প্রধানমন্ত্রী গতি শক্তি জাতীয় মহাপরিকল্পনা গ্রহণের প্রশংসা করেছেন, যা বিকশিত ভারতের স্বপ্ন পূরণে গতি দেবে। প্রধানমন্ত্রী মোদি গতকাল পিএম গতি শক্তি চালুর তৃতীয় বার্ষিকীতে নয়াদিল্লির ভারত মণ্ডপে প্রধানমন্ত্রী গতি শক্তি অনুভূতি কেন্দ্র পরিদর্শন করেছেন। তিনি প্রধানমন্ত্রী গতি শক্তির প্রভাবের কারণে দেশে প্রকল্পের পরিকল্পনা ও বাস্তবায়নে অগ্রগতির প্রশংসা করেন। অনুভূতি কেন্দ্র পিএম গতি শক্তির মূল বৈশিষ্ট্য, কৃতিত্ব এবং মাইলফলক প্রদর্শন করেছে। প্রধানমন্ত্রী এক জেলা এক পণ্য, ওডিওপি অনুভূতি কেন্দ্রও পরিদর্শন করেছেন এবং সারা দেশে বিভিন্ন জেলার পণ্য নির্বাচন, ব্র্যান্ডিং এবং প্রচারে সহায়তা করার জন্য ওডিওপি উদ্যোগের পদক্ষেপের প্রশংসা করেছেন।

\*\*\*\*\*

#### **Naidu Trophy :**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে গতকাল মহারাষ্ট্রের বিরুদ্ধে ত্রিপুরার গ্রুপের খেলা শুরু হয়েছে। ঔরাঙ্গাবাদে আয়োজিত চারদিনের ম্যাচে টেসে হেরে ব্যাট করতে নেমে স্বাগতিক মহারাষ্ট্র প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ১০৭ রানে গুটিয়ে যায়। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে লিড নিয়ে দিনের শেষে ৫ উইকেট হারিয়ে ১৪৬ রান করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ২৫.২ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*